

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৮৬

১৩. কিতাবুল হজ (كتاب الحج)

পরিচ্ছেদঃ একজন মানুষের জন্য বৈধ রয়েছে, এমন শিশুকে নিয়ে হজ করা, যার নফল হজ হয় না; ফরয হজ হওয়া তো আরো দূরের কথা

ذِكْرُ الْإِبَاحةِ لِلْمَرْءِ أَنْ يُحْجَّ بِصَبَّيٍّ لَمْ يُدْرِكْ حَجَّةَ التَّطَوُّعِ دُونَ الْفَرِيضَةِ

আরবী

3786 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ إِبْرَاهِيمَ بْنُ عُقْبَةَ عَنْ كُرَيْبٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ: عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِامْرَأَةٍ فَقَيْلَ لَهَا: هَذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخَذَتْ بِعَضْدِ صَبَّيٍّ كَانَ مَعَهَا فَقَالَتْ أَلَهَذَا حَجٌّ يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: (نَعَمْ وَلَكَ أَجْرٌ)

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3786 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (985) ،
((صحيح أبي داود)) (1525).

বাংলা

৩৭৮৬. ইবনু আবুস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক মহিলার পাশ দিয়ে অতিক্রম করেন, তখন সেই মহিলাকে বলা হয়, ইনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! তখন সে তার সাথের এক শিশুর বাহু ধরে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই শিশুর কি হজ হবে?” তিনি জবাবে বলেন, “হ্যাঁ, তবে সাওয়াব হবে তোমার।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৮২২; মুসনাদ ইমাম শাফেক্স: ১/২৮৩; তাহাবী: ২/২৫৬; সুনান বাইহাকী: ৫/১৫৫; বাগাবী: ১৮৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরওয়ান্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫২৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93125>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন